

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২২৪

আগরতলা, ১৪ ডিসেম্বর, ২০২৩

কৈলাসহরে বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিম নাল্লু আজ কৈলাসহরে বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন করেন। আজ সকালে তিনি কৈলাসহর নগর পঞ্চায়েতের বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্রটি পরিদর্শন করেন। সেখানে কৈলাসহর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন এবং কৈলাসহর মহকুমার মহকুমা শাসক রাজ্যপালকে স্বাগত জানান। তিনি চান্দিপুরের শ্রীরামপুরে ডিপটিউবওয়েল প্রকল্পটিও পরিদর্শন করেন। এরপর রাজ্যপাল চান্দিপুরে সমরূপাড় গ্রাম পঞ্চায়েতের মূর্তি পাড়া এসবি স্কুলে ছাত্রছাত্রী, কৃষক, প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ, রেগা, স্বসহায়ক দলের সদস্য সদস্যা এবং স্থানীয় মানুষের সঙ্গে মতবিনিময় করেন। চান্দিপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান সন্দীপ কুর্মি এই অনুষ্ঠানে রাজ্যপালকে স্বাগত জানান। এখানে তিনি রাজ্যপালকে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প রূপায়ণের বিষয়ে অবহিত করেন। রাজ্যপাল মা দুর্গা স্বসহায়ক দল এবং ভারত মাতা স্বসহায়ক দলের প্রতিনিধির হাতে ১ লক্ষ ৫০ হাজার টাকা করে গ্রামীণ ব্যাঙ্কের খাতের চেক তুলে দেন। তিনি মৎস্যজীবীদের হাতে মাছ ধরার জাল তুলে দেন।

সংক্ষিপ্ত আলোচনায় রাজ্যপাল বলেন, কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে গ্রামীণ এলাকার মানুষ কিভাবে উপকৃত হচ্ছেন তা দেখার জন্যই তিনি এখানে এসেছেন। তিনি বলেন, কেন্দ্র ও রাজ্য সরকার মানুষের উন্নয়নে কাজ করছে। এই এলাকার জনপ্রতিনিধি এবং বিভিন্ন দপ্তরের কর্মীদের তিনি বলেন, উন্নয়নমূলক প্রকল্পের কাজ যেন সঠিকভাবে নজরদারি করা হয়। এরপর তিনি গ্রামের একটি রাবার বাগান পরিদর্শন করে এখানকার শ্রমিকদের সঙ্গে কথা বলেন। সমরূপাড়েই প্রধানমন্ত্রী আবাস যোজনায় ঘর পাওয়া সমীর আইচের বাড়ির গৃহপ্রবেশ অনুষ্ঠানে তিনি অংশ নেন। এরপর তিনি মনুভ্যালি অঙ্গনওয়াড়ি কেন্দ্র পরিদর্শন করে সেখানকার শিশু, অঙ্গনওয়াড়ি কর্মী ও বিভিন্ন প্রকল্পের ভাতা প্রাপকগণের সঙ্গে মতবিনিময় করেন। রাজ্যপাল এই অনুষ্ঠানে গর্ভবতী মায়েদের হাতে বিভিন্ন সামগ্রী তুলে দেন। বিভিন্ন এলাকা পরিদর্শনের সময় রাজ্যপালের সচিব ইউ কে চাকমা, উনকোটি জেলার জেলাশাসক রাজীব দত্ত, কৈলাসহর মহকুমার মহকুমা শাসক, চান্দিপুর ঝকের বিডিও সহ পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
